

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৮৩.২০১৭- ১৫১

তারিখঃ ০৫ মাঘ ১৪২৪
১৮ জানুয়ারি ২০১৮


বিষয় : রীট পিটিশন নং-১৬০৮৫/২০১৭, [পিটিশনার জনাব মোঃ জামাল, পিতা- মোঃ হোসেন, গ্রাম-চাঁদপুর, থানা-লালমোহন, জেলা-
ভোলা - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০১.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৮.১১.২০১৭ তারিখের
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলার লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নের ফাতেমাবাদ
ও অন্নদাপ্রসাদ মৌজার সঙ্গে চরফ্যাশন উপজেলার আসলামপুর ইউনিয়নের খোদেজাবাগ ও আয়েশাবাগ মৌজার সীমানা নির্ধারণের
নির্দেশনা চেয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ১০ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ
জনানী অন্তঃ তর্কিত সীমানা নির্ধারণের জন্য প্রতিপক্ষকে কেন আদেশ দেয়া হবেনা এবং জেলা প্রশাসক ভোলার ১৩.৭.২০১৫ তারিখের
১১৫৯ নং স্মারক বাস্তবায়নের জন্য কেন নির্দেশনা দেয়া হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি রুল ইস্যুপূর্বক কারণ দর্শানোর আদেশ
দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of
Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক
আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
ভোলা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন/ চরফ্যাশন, ভোলা।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/ মাস্টার কপি।